গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
**srimongoluao@cga.gov.bd**

স্মারক নং: ০৭.০৩.৫৮৮৩.১০০.২৪.০৪৩.২২.৩৫৮ তারিখ: ০১/০৬/২০২৬ খ্রি:

বরাবর

..........................

..........................

শ্রীমঙ্গল , মৌলভীবাজার।

বিষয়: পূর্ব নিরীক্ষা (Pre-Audit) কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য ২০২৫-২০২৬ অর্থবছরের সর্বশেষ বিল দাখিল প্রসঙ্গে।

সূত্র: ০৭.০০.০০০০.১০২.২০.০০১.২৩-৫৬২ তারিখ: ২০/০৫/২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে । প্রত্যেক অর্থবছরের শেষে দপ্তর কর্তৃক প্রচুর পরিমাণে বিল হিসাবরক্ষণ অফিসে দাখিল করা হয়। এতে কম্পিউটারাইজড সিস্টেমে তথা iBAS++ এ বিল এন্ট্রি করার সময় সিস্টেমের গতি Slow হওয়ার পাশাপাশি সীমিত সংখ্যক জনবল দিয়ে বিদ্যমান আর্থিক বিধি-বিধান এর আলোকে দ্রুততম সময়ে যথাযথভাবে পূর্ব-নিরীক্ষার কাজ সম্পন্ন করে বিল নিষ্পত্তি করতে জটিলতার সৃষ্টি হয় এবং হিসাবরক্ষণ অফিসের নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হয়। অধিকিন্তু পূর্ব নিরীক্ষা (Pre-Audit) যথাযথভাবে সমাধান করা এবং আর্থিক শৃঙ্খলা রক্ষার লক্ষ্যে প্রয়োজনীয় নিরীক্ষার জন্য কিছু সময় অত্যাবশ্যক। অর্থ মন্ত্রণালয়ের স্মারক মোতাবেক ২০২৫-২৬ অর্থবছরের বিল দাখিলের সর্বশেষ তারিখ ২২ জুন ২০২৬ খ্রি: এবং iBAS++ সিস্টেমে ২৫ জুন মধ্যরাতে ১২.০০ ঘটিকায় স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাওয়ার কারণে এবং হিসাবরক্ষণ অফিসের সিটিজেন চার্টারে বর্ণিত বিল পাশের নির্ধারিত সময়সীমা অনুসরন পূবর্ক জুন মাসের শেষ প্রান্তিকে গৃহীত বিলসমূহ পূর্ব-নিরীক্ষা করে বিল নিষ্পত্তি করা সম্ভব না হওয়ার মত অনভিপ্রেত ঘটনা ঘটার আশংকা থাকে।

২। উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে ২০২৫-২০২৬ অর্থ বছরের আপনার দপ্তর কর্তৃক অর্থবছরের শেষ সময়ে অনেক বেশি বিল দাখিল না করে নির্ধারিত সময়ের আগেই (২২/০৬/২০২৬খ্রি:) হিসাবরক্ষণ অফিসে বিল দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকল ডিডিও-গণকে বিশেষ ভাবে অনুরোধ করা যাচ্ছে।

৩। উল্লেখ্য যে, হিসাবরক্ষণ অফিসসমূহে iBAS++ এর উন্নতর ভার্সন iBAS++ চালু করা হয়েছে। উক্ত ভার্সনটি সর্ম্পূণ ইন্টারনেট ভিত্তিক হওয়ার সার্বক্ষনিক বিদ্যুৎ ও ইন্টারনেট ব্যতীত চালু রাখা সম্ভব হয় না। তাই বিষয়টি অধিকতর গুরুত্বের সাথে বিবেচনা করে পর্যাপ্ত সময় রেখে বিলসমূহ হিসাবরক্ষণ অফিসে প্রেরণের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা যাচ্ছে।

৪। এ বিষয়ে আপনার সহযোগিতা ও মন্তব্য/পরামর্শ হিসাবরক্ষণ অফিসের জন্য সহায়ক হবে।

সংযুক্তি:
০১। সূত্রস্থ স্মারকের পত্রের কপি।

(রাজু বিশ্বাস)
উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৭.০৩.৫৮৮৩.১০০.২৪.০৪৩.২২. তারিখ: /০৬/২০২৬ খ্রি:

মহোদয়ের সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-
১। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, সিলেট।
ডিসিএ কার্যালয় , সিলেট।
২। অফিস কপি।

(রাজু বিশ্বাস)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট-১ অনুবিভাগ
বাজেট-২ শাখা
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১০২.২০.০০১.২৩-৫৬২ তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২০ মে ২০২৬

**পরিপত্র**

বিষয়: **চলতি ২০২৫-২৬ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তি, ব্যয় বিল দাখিল ও চেক/EFT ইস্যুর সর্বশেষ তারিখ নির্ধারণ।**

অর্থবছরের শেষদিকে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত নিয়মিত বিল ও ফেরত বিলসমূহের উপর সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস কর্তৃক পূর্ব-নিরীক্ষার কাজ সুষ্ঠুভাবে সম্পাদনপূর্বক চেক/EFT ইস্যু এবং ইস্যুকৃত চেক/EFT যথাসময়ে নগদায়নের সুবিধার্থে অর্থবছরের শেষে ব্যয় বিল দাখিল, বিল নিষ্পত্তি ও চেক/EFT ইস্যুর ক্ষেত্রে শৃঙ্খলা বজায় রাখা প্রয়োজন। সে উদ্দেশ্যে চলতি ২০২৫-২৬ অর্থবছরের ব্যয় বিল দাখিল, বিল নিষ্পত্তি ও চেক/EFT ইস্যুর ক্ষেত্রে নিম্নরূপ সময়সীমা নির্ধারণ করা হলো:

| ক্রম নং | বিষয় | নির্ধারিত সময়সীমা |
|---|---|---|
| ১. | পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তির (প্রযোজ্য ক্ষেত্রে) সময়সীমা | ১৫ জুন ২০২৬ |
| ২. | পরিচালন ও উন্নয়ন উভয় খাতে নতুন ব্যয় বিল দাখিলের সর্বশেষ তারিখ | ২২ জুন ২০২৬ |
| ৩. | পরিচালন ও উন্নয়ন উভয় খাতে ফেরত বিল দাখিলের সর্বশেষ তারিখ | ২৪ জুন ২০২৬ |
| ৪. | পরিচালন ও উন্নয়ন উভয় বাজেটের আওতায় বিল নিষ্পত্তি ও চেক ইস্যুর সর্বশেষ তারিখ | ২৫ জুন ২০২৬ |
| ৫. | বাজেট বরাদ্দের আওতায় বিদেশ হতে পণ্য ইত্যাদি আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট আমদানি ও মূল্য পরিশোধের সর্বশেষ তারিখ | ২৫ জুন ২০২৬ |
| ৬. | যেসব ক্ষেত্রে ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে আমদানি ও মূল্য পরিশোধের প্রক্রিয়া সম্পন্ন করা যাবে না সেক্ষেত্রে অসুবিধার কারণ, চলতি অর্থবছরে স্থাপিত এলসি'র বিপরীতে আগামী অর্থবছরে পরিশোধযোগ্য অর্থের পরিমাণ প্রভৃতি বিস্তারিতভাবে উল্লেখপূর্বক স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণের সর্বশেষ তারিখ | ১৮ জুন ২০২৬ |
| ৭. | বাজেট বরাদ্দের বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক কোন আমদানি এলসি স্থাপন কিংবা নিষ্পত্তির সর্বশেষ তারিখ | ২৫ জুন ২০২৬ |

২। সকল প্রকার বেতন-ভাতা সংক্রান্ত বিল এ সময়সীমার আওতামুক্ত থাকবে।

৩। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আর্থিক শৃঙ্খলা সংশ্লিষ্ট বিধায় অবশ্য পালনীয়।

২০/০৫/২০২৬

(মোহাম্মদ ফারুক-উজ-জামান)
যুগ্মসচিব (বাজেট-১)
ফোন: ০২-২২৩৩৫৬০৪৩

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
০৪. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
০৫. সিনিয়র সচিব/সচিব.................................................... (সকল)।
০৬. হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৭. কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
০৮. অতিরিক্ত মহা-পরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
০৯. বিভাগীয় কমিশনার, .................................................... (সকল)।
১০. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
১১. মহাপরিচালক.................................................... অডিট অধিদপ্তর (সকল)।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

স্মা:নং: ৩৫২: তাং: ২১

বরাবর,
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
উপরোক্ত পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
শ্রীমঙ্গল, মৌলভীবাজার